# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 13.09.2024 Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১) আলোচনার লাইভ স্ট্রিমিং-এর দাবিতে জুনিয়ার ডাক্তাররা অনড় থাকায় নবান্নে প্রস্তাবিত বৈঠক ভেস্তে যাওয়ার পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, মানুষের স্বার্থে পদত্যাগ করতে রাজি আছেন তিনি।

অন্যদিকে, আন্দোলনকারীরা জানিয়েছেন, তাঁরা মুখ্যমন্ত্রীর পদত্যাগ চান না, আলোচনায় বসেই সমস্যার সমাধান চান।

ভয় পেয়েই মুখ্যমন্ত্রী লাইভ স্ট্রিমিং-এ রাজি হননি বলে দাবি করেছেন বিরোধীরা।

২) সুপ্রিম কোর্টের নির্দেশের পর কতজন জুনিয়ার চিকিৎসক কাজে যোগ দিয়েছেন, রাজ্য সরকার সেই রিপোর্ট চেয়েছে।

৩) আর জি কর পরিস্থিতি সামাল দিতে মুখ্যমন্ত্রী ব্যর্থ হয়েছেন বলে অভিযোগ করে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রীকে সামাজিকভাবে বয়কট করার কথা জানিয়েছেন।

৪) কেন্দ্রীয় সরকার রাজ্যের ১০ জন ডব্লুবিসিএস অফিসারকে আই এ এস পদে উন্নীত করার ছাড়পত্র দিয়েছে।

৫) একাদশতম আইএসএল ফুটবল আজ কলকাতায় শুরু হচ্ছে। প্রথম দিন মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooo

আলোচনার লাইভ স্ট্রিমিং-এর দাবিতে জুনিয়ার ডাক্তাররা অনড় থাকায় নবান্নে প্রস্তাবিত বৈঠক ভেস্তে যাওয়ার পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, আন্দোলনকারীরা বিচার চান না, তার চেয়ারটা চান। মানুষের স্বার্থে পদত্যাগ করতেও রাজি আছেন তিনি।

(বাইট – মমতা - চেয়ার )

জুনিয়ার ডাক্তাদের সঙ্গে বৈঠকের জন্য ২ ঘণ্টা অপেক্ষা করার পর নবান্ন ছেড়ে বেরনোর আগে গত সন্ধ্যায় সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, আন্দোলনকারীদের ২-৩ জন আলোচনা চান না, এব্যাপারে বাইরে থেকে হস্তক্ষেপ করা হচ্ছে। আর জি কর মামলা সুপ্রিম কোর্টে বিচারাধীন। সিবিআই এর তদন্ত করছে, তাই তাঁর নিজের আপত্তি না থাকলেও আলোচনার লাইভ স্ট্রিমিং সম্ভব নয় বলে জানান তিনি ।

(বাইট – মমতা - লাইভ স্ট্রিমিং)

আর জি কর কান্ডের প্রতিবাদে স্বাস্থ্য ভবনের সামনে মঙ্গলবার থেকে অবস্থান চালিয়ে যাওয়া জুনিয়ার ডাক্তারদের সঙ্গে রাজ্য সরকারের আলোচনায় বসা নিয়ে টানাপোড়েনের মধ্যেই গতকাল মুখ্য সচিবের পাঠানো ই-মেলের জবাবে আন্দোলনকারীরা ৩০ জন প্রতিনিধি নিয়ে নবান্নে যাওয়ার কথা জানিয়ে দেন। কিন্তু বৈঠকের লাইভ স্ট্রিমিং নিয়ে নিজেদের অবস্থানে তারা অনড় থাকায় শেষ পর্যন্ত আলোচনা হতে পারেনি। মুখ্য সচিব, রাজ্য পুলিশের ডিজি সহ শীর্ষ আধিকারিকরা বারবার তাদের বোঝানোর চেষ্টা করেন। নবান্ন সভাঘরে অপেক্ষায় থাকেন মুখ্যমন্ত্রী এবং নবান্নের বাইরে জুনিয়ার ডাক্তাররা। শেষ পর্যন্ত স্বাস্থ্য ভবনের সামনে ধর্না অবস্থানে ফিরে যান আন্দোলনকারীরা। স্বচ্ছতা বজায় রাখতেই তারা লাইভ স্ট্রিমিং চেয়েছিলেন। মুখ্যমন্ত্রীর পদত্যাগ তাদের দাবি নয় বলেও তারা জানিয়ে দেন।

(বাইট - জুনিয়ার ডাক্তার)

oooooooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী ভয় পেয়ে জুনিয়র ডাক্তারদের সঙ্গে বৈঠকের লাইভ স্ট্রিমিং করতে চাননি বলে বিজেপি দাবি করেছে। এক্স হ্যান্ডেলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন,পুলিশের প্রাথমিক তদন্তে যে গাফিলতি রয়েছে, প্রমাণ লোপাট করার চেষ্টা

এবং তাড়াহুড়ো করে নির্যাতিতার মরদেহ দাহ করা হয়েছে, এ সংক্রান্ত প্রশ্ন উঠলে তিনি জবাব দিতে পারবেন না। তাই মুখ্যমন্ত্রী লাইভ স্ট্রিমিং করতে ভয় পেয়েছেন। সুপ্রিম কোর্টের রায়ের সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। সুপ্রিম কোর্টের শুনানিও লাইভ স্ট্রিমিং-এর মাধ্যমে সারা দেশ দেখছে। শুভেন্দুর কথায়, মুখ্যমন্ত্রী নিজেই চান না এই অচলাবস্থা কাটুক। পরবর্তী শুনানির আগে ভুয়ো যুক্তি খাড়া করতেই তিনি এই কৌশল অবলম্বন করেছেন। প্রশাসনিক বৈঠকের লাইভ স্ট্রিমিং হলে গুরুত্বপূর্ণ এই বৈঠকের লাইভ স্ট্রিমিং করতে মুখ্যমন্ত্রীর আপত্তি কোথায়, সেই প্রশ্ন তুলেছেন বিরোধী দলনেতা।

একই দাবি করেছে কংগ্রেসও। আসল তথ্য বেরিয়ে পড়ার ভয়ে জুনিয়র ডাক্তারদের দাবি মেনে বৈঠক সরাসরি সম্প্রচারে মুখ্যমন্ত্রী রাজি হননি বলে প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ মন্তব্য করেছেন। তিনি বলেছেন, রাজ্যের স্বাস্থ্য দপ্তরে দুর্নীতির যে আখড়া তৈরি হয়েছে বৈঠকে ডাক্তাররা সেই Pandora র বাক্স খুলে দিতেন। সেই কারণেই সরাসরি সম্প্রচারে ভয় পেয়ে মুখ্যমন্ত্রী বৈঠকে এড়িয়ে গেলেন।

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও বলেছেন, সুপ্রিম কোর্টেও আর জি কর মামলার লাইভ স্ট্রীমিং হচ্ছে। তাহলে বৈঠকের লাইভ স্ট্রিমিং-এ আপত্তি কেন।

ooooooooooooooooooooooooo

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, কাজে ফেরার জন্য জুনিয়র ডাক্তারদের বারবার অনুরোধ করা সত্ত্বেও তাঁরা কাজে যোগ দিচ্ছেন না। দেশের সর্বোচ্চ আদালতের নির্দেশ সত্ত্বেও নিজেদের অবস্থানে অনড় রয়েছেন। আগে থেকে শর্ত চাপিয়ে জুনিয়র ডাক্তাররা আলোচনার রাস্তা বন্ধ করতে চাইছেন বলেও মন্তব্য করেন তিনি।

ooooooooooooooooooooooooo

কাজে ফেরার জন্য সুপ্রিম কোর্টের নির্দেশের পর কতজন জুনিয়র চিকিৎসক কাজে যোগ দিয়েছেন, রাজ্য সরকার মেডিক্যাল কলেজগুলির অধ্যক্ষ এবং অধিকর্তাদের কাছে সেই রিপোর্ট চেয়েছে।

সুপ্রীম কোর্টের ৯ সেপ্টেম্বরের নির্দেশের প্রসঙ্গ উল্লেখ করে স্বাস্থ্য ভবনের তরফে এক নির্দেশিকায় একথা জানতে চাওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ, বিতর্কিত পিজিটি চিকিৎসক অভীক দে-র বিভিন্ন কার্যকলাপের তদন্তের জন্য চার সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর। আইপিজিএমইআর-এর জেনারেল সার্জারি বিভাগের স্নাতকোত্তর প্রথম বর্ষের এই পড়ুয়া চিকিৎসকের বিরুদ্ধে তদন্তে নেতৃত্ব দেবেন এন আর এস মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাক্তার পিতবরণ চক্রবর্তী। সাতদিনের মধ্যে তদন্ত কমিটিকে রিপোর্ট দিতে হবে বলে রাজ্যের স্বাস্থ্য – শিক্ষা অধিকর্তা নির্দেশ দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ খুনের প্রতিবাদে এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে কলকাতা পুর সভার বামপন্থী ক্লার্কস ইউনিয়নের পক্ষ থেকে গতকাল পুরভবনে প্রতিবাদ, বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা, গবেষক, ছাত্রছাত্রী ও শিক্ষা কর্মীরাও মানববন্ধন, অভয়াকে নিয়ে গান, স্বরচিত কবিতা পাঠের মধ্যে দিয়ে প্রতিবাদ জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর পরিস্থিতি সামাল দিতে মুখ্যমন্ত্রী সামগ্রিকভাবে ব্যর্থ হয়েছেন বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। স্বাস্থ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবেও তিনি ব্যর্থ বলে রাজ্যপালের দাবি। এক ভিডিও বার্তায় রাজ্যপাল বলেছেন, বাংলাজুড়ে সন্ত্রাসের আবহাওয়া চলছে । গোটা রাজ্যের মানুষ আরজি কর ইসুতে বিচার চাইছেন। নির্যাতিতার পরিবার বিচার চাইছেন । কিন্তু, রাজ্যের সরকার তার দায়িত্ব পালনে ব্যর্থ। জনগণের আন্দোলনে সামিল হয়ে তিনি মুখ্যমন্ত্রীকে সামাজিকভাবে বয়কট করবেন। যে সব অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী উপস্থিত থাকবেন, সেই সব অনুষ্ঠান মঞ্চে তিনি যাবেন না বলে রাজ্যপাল ঘোষণা করেন।

বাইট

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার, রাজ্যের ১০ জন ডব্লুবিসিএস অফিসারকে আইএএস পদে উন্নীত করার ছাড়পত্র দিয়েছে। কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কার দপ্তরের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ভিজিলেন্স কমিশনের বিশেষ সচিব শ্রীকৃষ্ণকান্ত সিংহ, পার্বত্য বিষয়ক দপ্তরের তিন বিশেষ সচিব অমিতাভ সেনগুপ্ত, জিতেন্দ্র রায় ও অনিন্দ্য সেনগুপ্ত, অনগ্রসর শ্রেণী উন্নয়ন দপ্তরের বিশেষ সচিব অনিন্দ্য কুমার কর, মঞ্জুষার ম্যানেজিং ডিরেক্টর অমিত দত্ত, আবাসন দপ্তরের বিশেষ সচিব সৌমজিৎ দাস, নারী ও শিশু কল্যাণ দপ্তরের বিশেষ সচিব পর্ণা চন্দ, মুখ্যমন্ত্রীর দপ্তরের অফিসার অন স্পেশাল ডিউটি দীপঙ্কর মন্ডল এবং পুর ও নগর উন্নয়ন দপ্তরের বিশেষ সচিব মিউটিনি বন্দ্যোপাধ্যায়ের এই পদোন্নতি হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ড নিয়ে প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই ডিউটির সময় মত্ত অবস্থায় থাকলে পুলিশ এবং সিভিক ভলেন্টিয়ারদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা হবে। রাজ্য পুলিশের এডিজি (আইন-শৃঙ্খলা) মনোজ ভার্মা জানিয়েছেন। এই মর্মে এক নির্দেশিকায় বলা হয়েছে, হোমগার্ড, এনভিএফ এমনকী পুলিশের গাড়ির চালকরাও যাতে মদ্যপ অবস্থায় ডিউটি না করেন, বিভাগীয় প্রধানদের তা নিশ্চিত হবে। জিআরপির ক্ষেত্রেও এই নির্দেশ বলবৎ হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সোশ্যাল মিডিয়ায় মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেস সম্পর্কে আপত্তিকর পোস্টের অভিযোগ কোচবিহারের মাথাভাঙ্গা শহরে তৃণমূল মহিলা কংগ্রেসের কর্মী সদস্যরা গতকাল এক যুবতীর বাড়িতে ঝাঁটা নিয়ে হাজির হন। কদিন আগে এই মাথাভাঙ্গা শহরেই আরজি কর কাণ্ডের ন্যায় বিচার চেয়ে আন্দোলনরত প্রতিবাদীদের উপর শাসক দল হামলা চালায় বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদিয়ার শান্তিপুরে পেট্রল পাম্পে তেল ভরে টাকা না দিয়ে পালানোর সময় এক কর্মীকে পিষে দেওয়ার ঘটনায় পুলিশ গাড়িটির মালিক, চালক সহ ৪ জনকে গ্রেফতার করছে। গাড়িটিও আটক করা হয়েছে। গতকাল শান্তিপুর থানায় সাংবাদিক বৈঠক করে রানাঘাট পুলিশ জেলার সুপার, কুমার সানি রাজ জানান, ৩ দিনের মধ্যে পুলিশ অভিযুক্তদের গ্রেফতার করেছে। হাসনাবাদ থেকে তাদের ধরা হয়। শনাক্ত করার জন্য টিআই প্যারেডও হয়েছে অভিযুক্তদের।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মেট্রো রেলের সুড়ঙ্গে এক তরুণীর ঢুকে পড়া, কলকাতা মেট্রোর নিরাপত্তা নিয়ে

ফের বড়সড় প্রশ্ন তুলে দিয়েছে। গতকাল রাত ৯টা ৫ নাগাদ পার্কস্ট্রীট ও ময়দান ষ্টেশনের মাঝামাঝি ঐ তরুণীকে আপ লাইন ধরে হাঁটতে দেখে চালক কন্ট্রোল রুমে খবর দেন। তৎক্ষণাত বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয় এবং তরুণীকে উদ্ধার করেন পার্কস্ট্রীট ষ্টেশনের কর্মীরা। এই ঘটনার জেরে প্রায় আধ ঘন্টা মেট্রো চলাচল ব্যাহত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মধ্য মায়ানমার ও পার্শ্ববর্তী এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্ত থেকে, বাংলাদেশের উপকূলবর্তী এলাকায় একটি নিম্নচাপ সৃষ্টি হতে পারে। ক্রমশ তা পশ্চিমবঙ্গ উপকূল ও সংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপোসাগরের ওপর গভীর নিম্নচাপের রূপ নেবে।

এর প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ১৫-ই সেপ্টেম্বর পর্যন্ত বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

দুই ২৪ পরগনা, হাওড়া, কলকাতা, পূর্ব মেদিনীপুর ও হুগলী জেলায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। বাকি জেলাগুলিতেও ভারী বৃষ্টি হতে পারে।

আগামীকাল পূর্ব ও পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি থাকছে।

উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৩৫ থেকে ৫৫ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের রবিবার ১৫-ই সেপ্টেম্বর পর্যন্ত সাগরে পাড়ি না দেবার পরামর্শ দেওয়া হয়েছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও রবিবার পর্যন্ত বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

একাদশ ইন্ডিয়ান সুপার লিগ আইএসএল ফুটবল আজ কলকাতায় শুরু হচ্ছে। প্রথম দিন মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি র মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। আগামীকাল  আইএসএল অভিযান শুরু করবে ইস্টবেঙ্গল।বেঙ্গালুরুর কান্তিরাভা ষ্টেডিয়ামে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফ সি, র বিরুদ্ধে খেলবে। আই লিগ জয়ী মহামেডান স্পোটিং এবারই প্রথমবার আইএসএল খেলবে। সোমবার যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে মহামেডান স্পোর্টিং, নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি, র মোকাবিলা করবে। ১৩-টি দল এবারের আইএসএলে অংশ নিচ্ছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo